

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সেবা শাখা

নং-৪০.০০.০০০০.০১১.০৩০.০৩.১৫-৫৮৬

তারিখ : ২৪-০৯-২০১৬


দরপত্র বিজ্ঞপ্তি

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে ব্যবহারের জন্য বিভিন্ন স্টেশনারী মালামাল সরবরাহের নিমিত্ত প্রকৃত ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব প্যাডে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

২। দরপত্রে বর্ণিত স্টেশনারী মালামালের বিবরণ সম্বলিত তালিকা ও সিডিউল আগামী ২৬-০৯-২০১৬ তারিখ হতে ০২-১০-২০১৬ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে উপসচিব (প্রশাসন) মহোদয়ের দপ্তর (ভবন নং-৭, কক্ষ নং-৫৩২, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) হতে সংগ্রহ করা যাবে। দরপত্র বিজ্ঞপ্তিটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে পাওয়া যাবে (www.mole.gov.bd)। দরপত্রে বর্ণিত শর্তসমূহ পূরণ করতঃ আগামী ০৩-১০-২০১৬ তারিখ দুপুর ২.০০ টার মধ্যে উপসচিব (প্রশাসন) মহোদয়ের দপ্তরে রক্ষিত বাক্সে সীলমোহরকৃত দরপত্র দাখিল করতে হবে।

৩। দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স ও ভ্যাট সার্টিফিকেট ব্যাংক সলভেন্সি ও ব্যাংক স্টেটমেন্ট এর সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৪। প্রাপ্ত দরপত্রসমূহ আগামী ০৩-১০-২০১৬ তারিখ দুপুর ২.৩০ টায় উপসচিব (প্রশাসন) এর অফিস কক্ষে দরপত্র দাতাগণের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতীত যে কোন দরপত্র গ্রহণ/বাতিল করার অধিকার সংরক্ষণ করে।



(শাহীন আখতার)

সিনি: সহ: সচিব (সেবা)

ফোনঃ ৯৫১৪০৭৩

বিতরণঃ

- ১। এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে পাওয়া যাবে (www.mole.gov.bd)।
- ২। বাংলাদেশ সচিবালয়ের লিফটের সম্মুখে (৭নং ভবনের নীচতলা)
- ৩। অফিস কপি